

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৪

সাম্মানিক বাংলা

সেইমেন্টার : ৫ : কোর্স : ১ (H-9)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

- ১। সত্যেন্দ্রনাথ দত্তের 'চম্পা' কবিতায় এক প্রতিকূলতাজয়ী সত্তার আবির্ভাব ও আত্মপ্রতিষ্ঠার অঙ্গীকার কীভাবে ব্যক্ত হয়েছে দেখাও। ১০
- ২। মোহিতলাল মজুমদারের 'অযোর-পন্থী' কবিতায় তীব্র ইহজীবনপিপাসার শিল্পসম্মত প্রকাশ ঘটেছে।— আলোচনা করো। ১০
- ৩। 'কচি ডাব' কবিতা অবলম্বন করে কবি যতীন্দ্রনাথ সেনগুপ্তের কাব্যভাবনায় লোকায়ত শিবের স্বরূপ নির্দেশ করো। ১০

একক - ২

- ৪। 'জীবনানন্দের প্রেমে শারীরিকতা নেই, আধ্যাত্মিকতাও নেই। আছে এক অন্তহীন বোধ ও চেতনা।'— জীবনানন্দের 'হায়, চিল' কবিতার ক্ষেত্রে সমালোচকের এই মন্তব্য কতদূর প্রযোজ্য হতে পারে আলোচনা করো। ১০
- ৫। ক্ষমতা-প্রতাপের বিপরীত অবস্থানে থাকা একজন সাধারণ মানুষের 'বাঁচবার সার্থকতা' খুঁজে পাওয়ার অন্যতম সূত্র হতে পারে তার হারিয়ে ফেলা জীবনের 'স্মৃতি'। অমিয় চক্রবর্তীর 'বড়োবাবুর কাছে নিবেদন' কবিতায় এই উপলব্ধি কীভাবে অভিব্যক্ত হয়েছে— আলোচনা করো। ১০
- ৬। 'দশানন' শীর্ষক কবিতায় রাবণ চরিত্রটির প্রতি কবির যে মৌল-ভাবনা ও তার সূত্রে সহানুভূতি-নির্ভর প্রশয় ফুটে উঠেছে— তার যাথার্থ্য বুঝিয়ে দাও। ১০

একক - ৩

- ৭। একটি কবিতার জন্মের ভিতর দিয়ে কীভাবে নতুন পৃথিবী গড়ে উঠবে তা সুভাষ মুখোপাধ্যায়ের 'একটি কবিতার জন্ম' কবিতা অবলম্বনে আলোচনা করো। ১০
- ৮। 'অবনী বাড়ি আছো' কি আত্মজাগরণের কবিতা? — এ-বিষয়ে তোমার মতামত ব্যক্ত করো।
- ৯। 'উত্তরাধিকার' কবিতায় কবি সুনীল গঙ্গোপাধ্যায় নবীন প্রজন্মকে যেভাবে উপস্থাপিত করেছেন তার পরিচয় দাও। কবি কীভাবে তাদের মধ্যে নিজেকে প্রতিফলিত হতে দেখেছেন? ৮+২=১০
- ১০। প্রসঙ্গ উল্লেখসহ তাৎপর্য বিশ্লেষণ করো (যে-কোনো দুটি) : ২×৫=১০
 - (ক) 'দেহ ভরি' কর পান কবোঞ্চ এ প্রাণের মদিরা'
 - (খ) 'গিয়াছে ভাঙিয়া সাধের বীণাটি/ছিঁড়িয়া গিয়াছে মধুর তার'
 - (গ) 'তোমার ক্রটির আমি আপন সাধনা দিয়া করেছি শোধন'
 - (ঘ) 'গল্পের সবটা যেন নাগালে পাচ্ছি না।'